গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির (4th HPNSP) অধীন "প্রকিউরমেন্ট, ষ্টোরেজ এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট-হেলথ সার্ভিসেস অপারেশনাল প্ল্যানের ০১-১০ গ্রেডভূক্ত শূন্য পদের জনবল নিয়োগ সম্পর্কিত সভার কার্যবিবরণী:

সভার তারিখ ২০.১০.২০১৯ খ্রিঃ সময় : সকাল ১০.০০টা

সভার স্থান অতিরিক্ত সচিব (আ.ব্য. ও অ.) এর অফিস কক্ষ (রুম নং-৩২৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভায় অংশগ্রহণকারীদের তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি আলোচ্যসূচী অনুযায়ী বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করলে সদস্য সচিব ও উপ-পরিচালক (সিএমএসডি) ডাঃ মোঃ জাকির হোসেন খান বলেন, গত ১৮/১০/২০১৯ খ্রি: তারিখ সকাল ১০.০০ - ১১.০০ টায় বিজিপ্রেস উচ্চবিদ্যালয়, তেজগাঁও, ঢাকায় আইটি প্রকৌশলী, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ার পদে লিখিত পরীক্ষা এবং উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষা একই দিন বিকাল ৩.০০টায় সিএমএসডিতে অনুষ্ঠিত হয়। লিগ্যাল অফিসার পদে গত ১৮.১০.২০১৯ তারিখ সকাল ১০.০০ - ১১.৩০ টায় বিজিপ্রেস উচ্চবিদ্যালয়, তেজগাঁও, ঢাকায় লিখিত পরীক্ষা এবং উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষা একই দিন বেলা ১২.৩০ টায় সিএমএসডিতে অনুষ্ঠিত হয়।

২। আইটি প্রকৌশলী পদে ০৬ (ছয়) জন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করে। তম্মধ্যে ০৪ (চার) জন প্রার্থী লিখিত পরীক্ষায় ৫০% নম্বর অর্থাৎ ৪০ নম্বর বা তদুর্ধব পেয়ে উত্তীর্ণ হয়। উত্তীর্ণ ০৪ (চার) জন প্রার্থীই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করে। লিখিত (নির্ধারিত নম্বর - ৮০) ও মৌখিক (নির্ধারিত নম্বর-২০) পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে উত্তীর্ণ সর্বোচ্চ নম্বরধারী রোল-০৮, মো: পারভেজ শাহরিয়ারকে (প্রাপ্ত নম্বর-৭১) নিয়োগের জন্য সুপারিশ করা যেতে পারে এবং ২য় সর্বোচ্চ নম্বরধারী রোল-০৩, মাসুদুর রহমানকে (প্রাপ্ত নম্বর-৬৩) অপেক্ষমান তালিকায় রাখা যেতে পারে মর্মে সদস্য সচিব উল্লেখ করেন।

৩। বায়োমেডিকেল ইঞ্জিনিয়ার পদে ৪৪ (চুয়াল্লিশ) জন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করে। তম্মধ্যে ০৬ (ছয়) জন প্রার্থী লিখিত পরীক্ষায় ৫০% নম্বর অর্থাৎ ৪০ নম্বর বা তদুর্ধব পেয়ে উত্তীর্ণ হয়। উত্তীর্ণ ০৬ (ছয়) জন প্রার্থীই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করে। লিখিত (নির্ধারিত নম্বর - ৮০) ও মৌখিক (নির্ধারিত নম্বর-২০) পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে উত্তীর্ণ সর্বোচ্চ নম্বরের ক্রমানুসারে ১। রোল-১৯, মো: মামুন অর রশীদ (প্রাপ্ত নম্বর-৫৭), ২। রোল-১০,সুসমিতা আফরোজ (প্রাপ্ত নম্বর-৫৬)কে নিয়োগের জন্য সুপারিশ করা যেতে পারে মর্মে সদস্য সচিব উল্লেখ করেন। উল্লেখ্য, অবশিষ্ট ০৪ (চার) জন প্রার্থী মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ নয় বিধায় বিজ্ঞপ্তিতে প্রকাশিত ০১ (এক) টি পদ ফাঁকা থাকছে।

৪। লিগ্যাল অফিসার পদে ০২ (দুই) জন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করে। তম্মধ্যে ০২ (দুই) জন প্রার্থীই লিখিত পরীক্ষায় ৫০% নম্বর অর্থাৎ ৪০ নম্বর বা তদুর্ধব পেয়ে উত্তীর্ণ হয়। উত্তীর্ণ ০২ (দুই) জন প্রার্থীই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করে। লিখিত (নির্ধারিত নম্বর - ৮০) ও মৌখিক (নির্ধারিত নম্বর-২০) পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে উত্তীর্ণ সর্বোচ্চ নম্বরধারী রোল-০২, তানভীর আহমেদ সিদ্দিকীকে (প্রাপ্ত নম্বর-৫৭) নিয়োগের জন্য সুপারিশ করা যেতে পারে এবং ২য় সর্বোচ্চ নম্বরধারী রোল-০৫, তানজিনা ইসলামকে (প্রাপ্ত নম্বর-৫৬) অপেক্ষমান তালিকায় রাখা যেতে পারে মর্মে সদস্য সচিব উল্লেখ করেন।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৫। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	(ক) আইটি প্রকৌশলী পদে নাম- মো: পারভেজ শাহরিয়ার, রোল-০৮ কে নিয়োগের জন্য সুপারিশ করা যেতে পারে এবং নাম- মাসুদুর রহমান, রোল-০৩ কে অপেক্ষমান তালিকায় রাখা যেতে পারে। (খ) বায়োমেডিকেল ইঞ্জিনিয়ার পদে ১। নাম- মো: মামুন অর রশীদ, রোল-১৯ ২। নাম- সুসমিতা আফরোজ, রোল-১০কে নিয়োগের জন্য সুপারিশ করা যেতে পারে। (গ) লিগ্যাল অফিসার পদে নাম-তানভীর আহমেদ সিদ্দিকী, রোল-০২ কে নিয়োগের সুপারিশ করা যেতে পারে এবং তানজিনা ইসলাম, রোল-০৫কে অপেক্ষমান তালিকায় রাখা যেতে পারে	সদস্য সচিব, নিয়োগ কমিটি
২	অপেক্ষমান তালিকাটি ০১ (এক) বছরের জন্য কার্যকর রাখা যেতে পারে।	সদস্য সচিব, নিয়োগ কমিটি

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২০/১০/২০১৯
(মসিউর রহমান)
অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট)
ও
সভাপতি, গ্রেড ১-১০ ভুক্ত জনবল নিয়োগ কমিটি
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.০০.০০০০.১৭২.০১২.১২.১৭/২৫০ তারিখঃ ২০.১০.২০১৯খ্রিঃ

বিতরণ:

১। যুগ্মসচিব (প্রবা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। লাইন ডাইরেক্টর, প্রকিউরমেন্ট, স্টোরেজ এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট-হেলথ সার্ভিসেস' অপারেশনাল প্ল্যান, কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা।
৩। পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। প্রোগ্রাম ম্যানেজার, প্রকিউরমেন্ট, স্টোরেজ এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট-হেলথ সার্ভিসেস, কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪। অতিরিক্ত সচিব (আ:ব্য:ও অ:) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২০.১০.২০১৯

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব

j/G/p-1-2017 প্রকিরমেন্ট স্টোরেজ প্রশাসনিক অনুমোদন